দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 7 1999
পৃঃ কলাম ৫

## প্রাথমিক শিক্ষা উপকরণ প্রদর্শনী

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম জেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে সম্প্রতি চট্টগ্রাম মিউনিসিপ্যাল মডেল সরকারী প্রাইমারী স্কুল হলে প্রাথমিক শিক্ষার উপকরণ প্রদর্শনী অনুষ্ঠিত হয়। প্রদর্শনীতে চট্টগ্রাম জেলা ও মহানগরীর ডবলমুরিং, পাহাড়তলী, কোতোয়ালী, পাঁচলাইশ, বন্দর, চান্দগাঁও, পটিয়া আনোয়ারা, রাউজান, হাট হাজারী, সাতাকুণ্ড, মীরশ্বরাই, ফটিকছড়ি, রাঙ্গুনিয়া থানাসমূহের প্রাথমিক বিদ্যালয় অংশ গ্রহণ করে। ইহাতে প্রাথমিক শিক্ষার বিভিন্ন উপকরণ প্রদর্শিত হয়। চট্টগ্রাম বিভাগ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক মতিউর রহমান প্রদর্শনীর উদ্বোধন করেন।